১০৬

দৈনিক সংবাদ

তারিখ ... 04 AUG 1994 ...
পৃষ্ঠা ৬ কলাম ২

ঢাঃ বিঃ ছাত্রদলের দাবি

# তত্ত্বাবধায়ক শিক্ষক সমিতি চাই

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্রদলের নেতৃবৃন্দ গতকাল বুধবার এক সমাবেশ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন অধ্যাপক এরশাদুল বারীর কক্ষে হামলার তীব্র নিন্দা করেছেন।

সমাবেশ থেকে নেতৃবৃন্দ বলেন, একজন শিক্ষকের কক্ষে হামলার পরও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কোন পদক্ষেপ না নিয়ে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে। এ 'নীতিভ্রষ্ট' শিক্ষক সমিতি ছাত্ররা মানে না। তারা অবিলম্বে বর্তমান শিক্ষক সমিতি ভেঙে দিয়ে তত্ত্বাবধায়ক শিক্ষক সমিতি গঠন করার আহ্বান জানান।

গতকাল দুপুরে ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে বক্তৃতা করেন জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন, সাধারণ সম্পাদক নাজিমউদ্দিন আলম, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক মনির হোসেন।

ছাত্রদল নেতৃবৃন্দ সমাবেশে বলেন, শাহাদত মান্নান চক্র শেখ হাসিনার নির্দেশে ছাত্রলীগের (ম-ই) গুন্ডাদের দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক এরশাদুল বারীর কক্ষে হামলা চালিয়েছে। তারা অবিলম্বে হামলা-কারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

একই দাবিতে গত মঙ্গলবার রাত ১১টায় জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করে।